NIS-১.১ (১ম কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
প্রশাসন শাখা

নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২৪.৭১৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

## নোটিশ

বিষয়: নৈতিকতা কমিটির সভার নোটিশ

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২৪-২৫ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ০৪-০৭-২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যগনকে প্রয়োজনীয় তথ্যাদিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার আলোচ্য সূচি

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

০৩-০৭-২০২৪
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১২১৭
sec.raj.15@gmail.com

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী);
২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৩। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৪। উপ-প্রধান নিরীক্ষক (অতিরিক্ত দায়িত্ব), নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৬। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। এবং
৭। কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভাকক্ষ প্রস্তুত রাখাসহ আপ্যায়নের ব্যবস্থা করার জন্য ।।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
প্রশাসন শাখা

"জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৪-০৭-২০২৪ খ্রি: |
| সভার সময় | বেলা ১০:০০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি আশা প্রকাশ করে বলেন , নতুন অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। লক্ষ্যমাত্রা অর্জনে যাতে আমরা ব্যর্থ না হই সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে বলেও তিনি মত প্রকাশ করেন। এছাড়া তিনি বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সকলকে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি পরিচালক (প্রশাসন) কে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২৪-২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। অত:পর কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ১ম কোয়ার্টারে উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।

তিনি সভায় অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে ১ম কোয়ার্টার এ নিম্নোক্ত বিষয় গুলো বাস্তবায়ন করতে হবে:

**কর্মপরিকল্পনার ১.১** এর লক্ষ্যমাত্রা মোতাবেক প্রতি কোয়ার্টারে ১ টি করে নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে। ১ম কোয়ার্টারের সভা অদ্য ০৪-০৭-২০২৩ তারিখ অনুষ্ঠিত হলো।

কর্মপরিকল্পনার **১.২** এ উল্লেখিত লক্ষ্যমাত্রা মোতাবেক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।

**কর্মপরিকল্পনার** ১.৩ এ উল্লেখিত লক্ষ্যমাত্রা এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪(চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজন করতে হবে। সভাগুলিতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন সহ বোর্ডের স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। মহাপরিচালক মহোদায় ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত অংশীজন সভাটি আঞ্চলিক কার্যালয় রাজশাহীতে আয়োজন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সম্প্রসারণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনার** ১.৪ মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত ৪ কোয়ার্টারে ৪টি প্রশিক্ষণ/ সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। প্রতি কোয়ার্টারের প্রশিক্ষণে/সভায় ন্যুনতম ৪০ জন কর্মকর্তা/কর্মচারির উপস্থিতি নিশ্চিত করতে হবে। ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত প্রশিক্ষণ/সভা আগষ্ট/২৪ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য তিনি মত প্রকাশ করেন।

**কর্মপরিকল্পনার** ১.৫ মোতাবেক কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) বিষয়ে ১ম কোয়ার্টারের পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত প্রতিবেদন ৩০-৯-২০২৪ তারিখের মধ্যে দাখিল করার লক্ষ্যমাত্রা রয়েছে। পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কমিটি পি৩ কেন্দ্র রাজশাহী এর শ্রমিকদের দ্বারা সময়ে সময়ে বোর্ড প্রধান কার্যালয় ও এর আশপাশের ঝোপ জঙ্গল পরিস্কার এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত** ২.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারের রাজস্ব বাজেটের

অধীনে কোন ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করতে হবে। রাজস্ব বাজেটের অধীনে ক্রয় পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি চলমান প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা অর্থাৎ উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে। ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করতে হবে। রাজস্ব বাজেট এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সহকারি পরিচালক কমন সার্ভিস ক্রয় পরিকল্পনার প্রশাসন বিভাগের জন্য প্রযোজ্য অংশ প্রণয়ন পূর্বক ২৮-০৭-২০২৪ তারিখের মধ্যে প্রকৌশল শাখায় দাখিল করবেন। বোর্ডের রাজস্ব এবং উন্নয়ন প্রকল্পের বাজেটের আওতায় পৃথক ক্রয় পরিকল্পনা প্রনয়ন পুর্বক মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন সাপেক্ষে আগামী ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত** ২.২ এর আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন করতে হবে। ১ম কোয়ার্টারে রাজস্ব ও উন্নয়ন বাজেটে একত্রে ৫% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ২.৩** মোতাবেক ১ম কোয়ার্টারে রাজস্ব ও উন্নয়ন বাজেটে একত্রে ১০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত** ২.৪ এর প্রেক্ষিতে প্রতি কোয়ার্টারে ১টি করে প্রকল্পের PIC সভার আয়োজন করতে হবে। সভাপতি ১ম কোয়ার্টারের PIC সভা আগষ্ট/২৪ মাসের ৪র্থ সপ্তাহের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন এবং সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংযুক্ত করে যথাসময় প্রশাসন বিভাগে প্রেরণ করার নির্দেশ দেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত** ৩.২ **কর্মরত শ্রমিকদের হাজিরা তদারকী করার লক্ষ্যে ভিডিও কলের মাধ্যমে সরাসরি শ্রমিকদের উপস্থিতি নিশ্চিতকরণ** এর লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের শ্রমিকদের ভিডিও কলের মাধ্যমে সরাসরি হাজিরা তদারকী করার লক্ষ্যে সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার জন্য পরিচালক সম্প্রসারণ কে নির্দেশনা প্রদান করেন। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করার জন্য ও নির্দেশনা দেন।

**কর্মপরিকল্পনায় উল্লেখিত ৩.৪ ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধিত শ্রমিক মজুরির সত্যতা যাচাই** করার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি এ বিষয় সম্প্রসারণ বিভাগ থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়ার জন্য পরিচালক সম্প্রসারণ কে নির্দেশনা প্রদান করেন। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময় প্রশাসন বিভাগে দাখিল করার জন্য ও নির্দেশনা দেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত:</u>

(১) **১.৩ এ বর্ণিত** ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত অংশীজন সভাটি নির্ধারিত সময়ের মধ্যে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় রাজশাহীতে আয়োজন করতে হবে। সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন, রেশম চাষীসহ স্টেক হোল্ডারদের অংশগ্রহন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে:** সম্প্রসারণ বিভাগ/ উপপরিচালক রাজশাহী।

(২) **১.৪** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে ন্যুনতম ৪০ জন কর্মকর্তা/কর্মচারির উপস্থিতি নিশ্চিত করতে হবে। ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত প্রশিক্ষণটি আগষ্ট/২৪ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ/ সহকারি পরিচালক কমন সার্ভিস।

(৩) ১.৫ **কর্ম-পরিবেশ উন্নয়ন :** পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কমিটি পি৩ কেন্দ্র রাজশাহী এর শ্রমিকদের দ্বারা সময়ে সময়ে বোর্ড প্রধান কার্যালয় ও এর আশপাশের ঝোপ জঙ্গল পরিস্কার এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং ১ম কোয়ার্টারের পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত প্রতিবেদন ৩০-৯-২০২৪ তারিখের মধ্যে দাখিল করবেন।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট কমিটি/ সহকারি পরিচালক কমন সার্ভিস।

(৪) **২.১** পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী রাজস্ব এবং উন্নয়ন বাজেটের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করতে হবে।

**বাস্তবায়নে:** সহকারি পরিচালক কমন সার্ভিস/ প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী

উল্লিখিত বিষয়গুলো স্ব স্ব বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বাস্তবায়ন করে প্রতিবেদনসহ গ্রহণযোগ্য প্রমাণক কার্যক্রমের নং উল্লেখ্য পূর্বক যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৬-০৮-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

**নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২৪.৭২৮

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী);
২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৩। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ প্রধান নিরীক্ষক/উপ-পরিচালক(বীজ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।;
৪। উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি।;
৫। জনসংযোগ কর্মকর্তা /সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। এবং
৬। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।।

০৮-০৮-২০২৪
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নৈতিকতা হাজিরা ২৪(১)_20240711_0001

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

০৪-০৭-২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার ( জুলাই-সেপ্টেম্বর/২৪)এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | জনাব ড. এম এ মান্নান<br>পরিচালক(অর্থ : ও পরিকল্পনা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড) | [স্বাক্ষর] ০৪.০৭.২০২৪ |
| ২. | জনাব মোহাম্মদ এমদাদুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ) ও<br>পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪/০৭/২৪ |
| ৩. | জনাব মোছা: নাছিমা খাতুন<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)) ও<br>পরিচালক (উৎপাদন ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪/০৭/২০২৪ |
| ৪. | জনাব মোঃ লুৎফর রহমান তালুকদার<br>প্রধান পরিকল্পনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও<br>নির্বাহী প্রকৌশলী<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪/০৭/২৪ |
| ৫. | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪/০৭/২৪ |
| ৬. | জনাব মোহাম্মদ সাইফুল্লাহ<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪.০৭.২০২৪ |
| ৭. | জনাব শেখ মোঃ আব্দুল্লাহ আল কাফী<br>উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত)<br>নিরীক্ষা কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ০৪.৭.২৪ |
| ৮. | জনাব সুমন ঠাকুর<br>জনসংযোগ কর্মকর্তা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ৯. | | |
| ১০. | | |
| ১১. | | |

## ২০২৪-২৫ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা

**সভার তারিখ: ০৪-০৭-২০২৪** **সময়: ১০.০০ ঘটিকা**

